
brave men campaign
মামুর পাঠশালা
দোস্ত, আমি ফেইসবুক অ্যাকাউন্ট খুলছি।
আমি তো শুনছি ফেইসবুক ব্যবহার করা নাকি খারাপ। এইটা দিয়া অনেক খারাপ কাজ করে।
কী কস? এইটা দিয়া সবার সাথে আলাপ করা যায়, খবর নেয়া যায়।
OPEN
SALE
9.00-21.00
9.00-17.00


চল চ্যালেঞ্জার মামুর কাছে ফেইসবুক নিয়া শুইনা আসি তিনি কী কন।
9.00-21.00
9.00-17.00
OPEN
SALE
50%
“চ্যালেঞ্জার মামু অ্যাপে তোমরা সেক্সুয়াল অ্যান্ড রিপ্রোডাক্টিভ হেলথ নিয়ে যে প্রশ্ন করেছো সেগুলোর উত্তর নিয়েই চালু হয়েছে মামুর পাঠশালা”
The Campus Hero Cafe
চ্যালেঞ্জার মামু
ফেইসবুক নিয়ে জানতে চাও? মামুর পাঠশালায় যাও!
কী খবর তোমাদের মামু? আজকে কী নিয়া জানতে চাও তোমরা?
brave men campaign
মামুর পাঠশালা
মামুর পাঠশালা
মামু আমি না ফেইসবুক অ্যাকাউন্ট খুলছি। কিন্তু অনেকে কইতাছে এইটা নাকি খারাপ। আমি কি এইটা চালামু না?


ফেইসবুক খুব শক্তিশালী একটি সামাজিক যোগাযোগ মাধ্যম এবং দিন দিন এটি অনেক গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।
আমরা খুব সহজেই ফেইসবুকের মাধ্যমে অনলাইনে মানুষের সাথে যোগাযোগ করতে পারি
বিভিন্ন বিষয়ে আমাদের মতামত অন্যদের জানাতে পারি।
এটি যেমন ভাল কাজে ব্যবহার করা যায় তেমনি এটা দিয়ে অনেকে খারাপ কাজও করে।


তাইলে তো মামু এইটা থেকে দূরে থাকাই ভাল তাই না?
মামুর পাঠশালা
আসলে বিষয়টা নির্ভর করে আমরা ফেইসবুক ক্যামনে ব্যবহার করতাছি সেইটার উপর। আগুন দিয়া যেমন রাইন্ধা খাওয়া যায় আবার সেই আগুন দিয়াই সব পুড়ায় ছারখার কইরা দেওয়া যায়।
ফেসবুক ভালভাবে ব্যবহার করলে এইটা ভাল আর খারাপ কাজে ব্যবহার করলে এইটা খারাপ।
তাইলে মামু আমরা ফেসবুকে কী কী করব?


আইচ্ছা, তাইলে জেনে নেই ফেইসবুক আমরা কিভাবে ব্যবহার করব।
ফেইসবুকে ভদ্র এবং শালীন ভাষা ব্যবহার করতে হবে।
নানান গুরুত্বপূর্ণ সামাজিক সমস্যার বিষয়ে জনমত গঠণে ফেইসবুক ব্যবহার করা যায়।
ফেইসবুকে আশেপাশের বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ইত্যাদির কথাও তুলে ধরতে পারি।
NEWS
NEWS
NEWS
NEWS



ফেইসবুককে গল্প-কবিতা এইসব সাহিত্যচর্চার প্রাথমিক মাধ্যম হিসাবে ব্যবহার করা যায়।
তোমার আশেপাশের উন্নয়নমূলক কাজের ছবি এবং ভিডিও পোস্ট কইরা অন্যদের উৎসাহিত করা যাইতে পারে।
BANK
ফেইসবুক লাইভ ব্যবহারে সতর্ক হইতে হবে।
আর মামু ফেইসবুকের খারাপ দিক কোনগুলা ?



ফেইসবুক অনেকে খারাপভাবেও ব্যবহার করে। এইগুলা থেকে দূরে থাকতে হবে। এইগুলা আইনত দন্ডনীয় অপরাধ।
ফেইসবুকে
কারো অনুমতি ছাড়া কারো ছবি বা লেখা ডাউনলোড করা বা ভিন্ন কোন কাজে ব্যবহার করা যাবেনা।
অশ্লীল ছবি বা লেখা পোস্ট বা লাইক, কমেন্ট, শেয়ার করা যাবে না। ইনবক্সে কাউরে ব্যক্তিগত আক্রমণ বা অশ্লীল বা কুরুচিপূর্ণ কথা বলা বা ছবি পাঠানো যাবে না।
অবৈধ কর্মকান্ডে জড়িত এধরনের কোন গ্রুপ বা পেইজে যুক্ত হওয়া যাবে না। ধর্মীয় বা রাজনৈতিক উস্কানীমূলক পোস্ট দেয়া যাবে না।
Post


মামু আরেকটা বিষয় মনে রাখতে হবে
যদি কখনো এই রকম করতে দেখি তাহলে সাথে সাথে তার প্রতিবাদ করতে হবে।
ফেইসবুক ব্যবহার করে কারো যৌন হয়রাণীমূলক আচরণ করা যাবেনা।
তথ্য-প্রযুক্তি
আইনের ৫৭ ধারা অনুযায়ী


এই কাজগুলো করা দন্ডনীয় অপরাধ
আমাদের সবাইকে নিয়মতান্ত্রিকভাবে ফেইসবুক ব্যবহার করতে হবে
যাতে করে এটি সবার জন্য সুফল বয়ে আনতে পারে
মামুর পাঠশালা
CMMS

# চ্যালেঞ্জার মামুর পাঠশালা

